



# JAMINI ROY COLLEGE

(Accredited By NAAC 'B' Grade)

P.O- BELIATORE, Dist- BANKURA (W.B), PIN- 722203

Website: - [www.jaminiroycollege.org](http://www.jaminiroycollege.org)

mail id:- [jamini.roy.college.261@gmail.com](mailto:jamini.roy.college.261@gmail.com)



Ref. No.....

Date: 28.06.2023

## ভর্তি সংক্রান্ত নিয়মাবলী

### বর্ষ 2023-2024

- যে সকল ছাত্র, ছাত্রী **2021/2022/2023** সালে উচ্চমাধ্যমিক বা সমতুল্য ভোকেশনাল পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে শুধু তারাই B.A প্রথম বর্ষের কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবে।
- একজন ছাত্র/ছাত্রী একইসঙ্গে সর্বোচ্চ তিনটি মেজর বিষয়ের জন্য আবেদন করতে পারবে। কোন বিষয়ে মেজর নিলে সেটি আর মাইনর সাবজেক্ট হিসাবে নেওয়া যাবে না।
- উচ্চমাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় যেসব বিষয় আছে সেগুলির মধ্যে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত পাঁচটি বিষয়ের সম্মিলিত নম্বরের ভিত্তিতে মেধা তালিকা প্রকাশিত হবে।
- প্রতিটি মেজর বিষয়ের জন্য পৃথক মেধা তালিকা প্রকাশিত হবে।
- যেকোনো মেজর বিষয়ে ভর্তির পর সর্বাধিক দুবার বিষয় পরিবর্তনের সুযোগ পাওয়া যাবে।
- HS এর সমান সংখ্যক নম্বর প্রাপ্ত ছাত্রছাত্রীদের মেধা তালিকায় স্থান নির্ধারণের ক্ষেত্রে পূর্ববর্তী পরীক্ষার (মাধ্যমিক) প্রাপ্ত নম্বর বিবেচনা করা হবে। সে ক্ষেত্রেও যদি প্রাপ্ত নম্বর সমান হয় তাহলে যে বিষয়ের মেজর সাবজেক্ট নিতে ইচ্ছুক সেই বিষয়ের প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধা তালিকার স্থান নির্ধারণ করা হবে।
- মেজর বা মাইনর যেকোন বিষয়ের / কোর্সের আসন সংখ্যা পূর্ণ হয়ে গেলে সেই বিষয়ের / কোর্সের ভর্তি শেষ হয়ে যাবে।
- একজন ছাত্র-ছাত্রী কোন বিষয়ে ভর্তি হওয়ার সময় যে Marks এবং তথ্য দাখিল করবে তা পরবর্তীকালে ভুল প্রমাণিত হলে তার ভর্তি বাতিল বলে গণ্য করা হবে।
- ভর্তির সময় ঠিকঠাক মোবাইল নাম্বার দেওয়া আবশ্যিক, অন্যথায় তারা পরবর্তীকালে কলেজ বা বিশ্ববিদ্যালয়ের কাছ থেকে কোনোরূপ SMS পাবে না। কলেজে ভর্তি হওয়ার পরও মোবাইল নাম্বার পরিবর্তন না করা বাঞ্ছনীয়। করলেও তা কলেজ কর্তৃপক্ষকে জানাতে হবে না হলে সময় মতো SMS না পেলে কলেজ বা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না। মোবাইল নম্বরের সাথে E-mail ID এবং আধার নাম্বার উল্লেখ রাখতে হবে।
- নির্দিষ্ট ক্যাটাগরি অর্থাৎ **SC, ST, OBC-A, OBC-B, EWS, PH** তে যারা ভর্তি হতে ইচ্ছুক তাদের অবশ্যই উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা প্রদত্ত সার্টিফিকেট এর প্রমাণপত্র থাকতে হবে।
- অন্যথায় ডকুমেন্ট ভেরিফিকেশন (ONLINE/OFFLINE) এর সময় দেখাতে না পারলে ওই ক্যাটাগরিতে তার ভর্তি বাতিল বললে গণ্য করা হবে।

### বিভিন্ন কোর্সের ভর্তির জন্য টাকার পরিমাণ-

1. মেজর সাবজেক্ট এর ক্ষেত্রে (জিওগ্রাফি ব্যতীত) - 3900 টাকা
2. মেজর জিওগ্রাফির ক্ষেত্রে - 4200 টাকা

### 3. বিষয় পরিবর্তন ক্ষেত্রে 100 টাকা

➤ এই কলেজে ভর্তি হওয়ার পরে অন্য কলেজে স্থানান্তরিত বা ভর্তি হয়ে চলে গেলে এই কলেজকে নির্দিষ্ট সময়ে জানাতে হবে অন্যথায় ভর্তি বাতিল বলে গণ্য করা হবে এবং কোন ভর্তির ফি ফেরত দেওয়া হবে না।

➤ **অনলাইন ফর্ম ফিলাপ এর ক্ষেত্রে ছাত্রছাত্রীদের নিম্নলিখিত ডকুমেন্ট গুলি আপলোড করতে হবে:-**

1. মাধ্যমিকের অ্যাডমিট কার্ড ও মার্কসিট।
2. উচ্চমাধ্যমিকের অ্যাডমিট ও মার্কসিট।
3. কাস্ট সার্টিফিকেট( যে ক্ষেত্রে প্রযোজ্য)
4. EWS সার্টিফিকেট (যে ক্ষেত্রে প্রযোজ্য)
5. PH সার্টিফিকেট (যে ক্ষেত্রে প্রযোজ্য)
6. আবেদনকারীর পাসপোর্ট সাইজ রঙিন ফটো(<30KB)।
7. Signature(<20KB)।
8. স্কুল লিভিং সার্টিফিকেট।

- ভর্তির সময় সকল ছাত্র-ছাত্রীকে ভর্তির ফি অবশ্যই অনলাইনের মাধ্যমে দিতে হবে অন্যথায় তার ভর্তির আবেদন গণ্য হবে না।
- দাখিল করা আবেদনপত্র ও অ্যাডমিশন স্লিপ এর রশিদের (কপি) একটি প্রিন্ট আউট নিয়ে নিজের কাছে রেখে দিতে হবে। পরবর্তীকালে প্রয়োজনে ডকুমেন্ট ভেরিফিকেশনের সময় সেটি কলেজ কর্তৃপক্ষকে দেখাতে হবে।
- অ্যাডমিশন সংক্রান্ত বিষয়ে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় , রাজ্যসরকার ও ইউ.জি.সি এর নিয়ম অনুসারে করা হবে।

➤ **বিশদ জানার জন্য নিচে দেওয়া ওয়েবসাইট অনুসরণ করতে হবে :-**

College Website Link:- <https://jaminiroycollege.org/>

Admission Website link:- [https://jaminiroycollege.in/student\\_login.aspx](https://jaminiroycollege.in/student_login.aspx)

Help Desk no:- 8710074827 (11AM to 5PM )

  
Principal  
Dr. Pradip Kumar Banerjee  
Principal  
Jamini Roy College  
Bhatore, Bankura (W.B.)

Admission Sub Committee  
Jamini Roy College

Principal  
Jamini Roy College